

প্রাথমিক শিক্ষকদের বেতন না কমানোর আশ্বাস সচিবের

নিজস্ব প্রতিবেদক

২০ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২০ নভেম্বর ২০১৯ ০০:৪৫



বেতন বৈষম্য নিরসনে অর্থ মন্ত্রণালয়ের সচিব আবদুর রউফ তালুকদারের সঙ্গে গতকাল মঙ্গলবার বৈঠক করেছেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক এক্য পরিষদের নেতারা। এ সময় ১৩তম গ্রেডে প্রাথমিক শিক্ষকদের বেতন যাতে না কমে সেই ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন সচিব। একইসঙ্গে ধাপে ধাপে প্রাথমিক শিক্ষকদের বাকি দাবিগুলোও পূরণ করা হবে বলে আশ্বাস দেন তিনি।

বৈঠক শেষে প্রাথমিক শিক্ষক এক্য পরিষদের মুখ্যপাত্র বদরুল আলম বলেন, দুপুর ১২টায় অর্থ বিভাগের সচিব আবদুর রউফ তালুকদারের সঙ্গে আমাদের প্রায় ৪০ মিনিট বৈঠক হয়েছে। এ সময় ১৩তম

advertisement

গ্রেডে সহকারী শিক্ষকদের বেতন কমবে না বলে আশ্বাস দিয়েছেন তিনি। ওই গ্রেডে রেখেই শিক্ষকদের বেতন বাড়ানো হবে বলে জানিয়েছেন সচিব।

তিনি আরও বলেন, দুপুর ২টার দিকে অর্থ বিভাগের সচিবের সঙ্গে বৈঠকের বিষয়টি জানানোর জন্য শিক্ষক নেতৃত্বাধীন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব আকরাম আল হোসেনেরও সঙ্গেও সাক্ষাৎ করেন। এ সময় আকরাম আল হোসেন শিক্ষকদের দাবির বিষয়ে দুই মন্ত্রণালয়ের সমন্বয় করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রতন চন্দ্র প্রতকে দায়িত্ব দেন। শিক্ষক নেতৃত্বাধীনকে ওই অতিরিক্ত সচিবের সঙ্গে পরবর্তীতে বিষয়টি ফলোআপ করার পরামর্শ দেওয়া হয়। পাঁচ সদস্যের একটি দল এ বিষয়ে আলাপ-আলোচনা করে সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ নেবে।

সচিবের সঙ্গে আলাপের পর শিক্ষকদের ডেকে নেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন। তিনি জানান, প্রধানমন্ত্রীর সঙ্গে প্রাথমিক শিক্ষক নেতৃত্বাধীন সাক্ষাতের সময় শিগগির চূড়ান্ত হবে। এ বিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে তার প্রাথমিক আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী দেশের বাইরে রয়েছেন, ফিরে এলেই শিক্ষকদের সাক্ষাতের দিনক্ষণ জানিয়ে দেওয়া হবে।